



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং- ০৭/০৫/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশ এর গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ৯০ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ ০১ জন গ্রেফতার।



অদ্য ০৭/০৫/২০২২খ্রিঃ সন্ধ্যা ০৭.১৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব কাজী মুভাক্কী ইবনু মিনান মহোদয়ের সার্বিক নির্দেশনায়, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায় এসআই (নিঃ) স্বপন কুমার রায় এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোতয়ালী থানাধীন রংপুর জিলা স্কুলের পশ্চিম পার্শ্বের সীমানা প্রাচীর সংলগ্ন রাস্তায় একটি নীল রংয়ের (সিঙ্গেল কেবিন) TATA ACE পিকআপ গাড়ি তল্লাশী করে পিকআপ গাড়ির পিছনের বাম পাশের ডালার নিচে বিশেষ বক্সের ভিতরে অভিনব কায়দায় সাদা রংয়ের স্কচটেপ দ্বারা প্যাঁচানো অবস্থায় নেশাজাতীয় মাদকদ্রব্য ৯০ (নব্বই) বোতল ফেন্সিডিল উদ্ধারসহ উক্ত পিকআপ এর চালককে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর নাম ও ঠিকানা ১। মোঃ আজিজুল ইসলাম @ আজিত (৩৫), পিতা- মৃত হাফিজুল ইসলাম, মাতা- মোছাঃ অজুফা বেগম, সাং- সেননগর, ইউপি- পুটিমারী, ওয়ার্ড নং- ০৫, থানা- নবাবগঞ্জ, জেলা- দিনাজপুর।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন একটি মামলা দায়ের করা হয়।

০৭.০৫.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১